

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্রমিক নং	সিদ্ধান্ত নং	মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	৮.২	গত ১৪ ফেব্রুয়ারী ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশ সমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে-সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেইগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নতুন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করিবার যেই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল তৎপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/ বিভাগ অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পত্তিকৃত রহিয়াছে সেইগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ আগামী পাঁচ মাসের মধ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক নিষ্পত্তি করিবেন।	মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী চবক এর সাথে সামঞ্জস্য রেখে মবক আইন-২০১৭ এর খসড়া প্রণয়ন করা হয়। আইনটি গত ০৬-০৮-২০১৭ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন-২০১৭ খসড়াটি মন্ত্রিসভা বৈঠকে অনুমোদনের জন্য উপস্থাপনের পূর্বে উহার ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগে গত ৩১/০১/২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। গত ০৫/০৩/২০১৮ তারিখে এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের বিভাগের অতিরিক্ত সচিব (আইন) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কতিপয় সংশোধন/সংযোজন/পরিমার্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী গত ২৩-০৫-২০১৭ তারিখের পত্র সংখ্যক ২৭ এর মাধ্যমে নৌপম এ পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে গত ২১-০৬-২০১৮ তারিখে পত্র সংখ্যক- ২৪৬৭ এর মাধ্যমে পুনরায় নৌপম এ পত্র প্রেরণ করা হয়েছে।
২.	৮.৩	মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করিবার সরকারি নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবেন।	দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করার সরকারি নির্দেশনা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/ ০৩-০৭-১৮  
পরিচালক (প্রশাসন)